'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## সেপ্টেম/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (২৮ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ০৯/০৯/২০২১, বেলা- ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই বলেন- বিগত ১৮/০৮/২০২১ তারিখের সাধারণ সভার কার্যবিবরণীর বিবিধ (ঞ) অনুচ্ছেদে ছাপার ভুলে লেখা হয়েছে রফিনগর ইউ/পিছু বাংলা বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দোকান মালিকগণকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হবে। যা প্রকৃত পক্ষে হওয়ার কথা ছিল রফিনগর ইউ/পিছু বাংলা বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দোকান মালিকগণকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৬,০০০/- (ছয় হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হবে। উপরোক্ত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলেচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ :
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>০০</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৬১,৬৬০/-</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৪,১৫,৭১২/৩৫</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">আগস্ট/২১ মাসের আয়-</td><td>৪,৭৭,৩৭২/৩৫</td><td colspan="2">আগস্ট/২১ মাসের মোট ব্যয়-</td><td>০০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট আয়-</td><td>৪,৭৭,৩৭২/৩৫</td><td colspan="2">সর্বমোট ব্যয়-</td><td>০০</td></tr>
<tr><td colspan="6">সমাপনী স্থিতি= ৪,৭৭,৩৭২/৩৫</td></tr>
</table>
উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত আগস্ট/২০২১ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(৩) বিবিধ ঃ</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন কোভিড-১৯ এর প্রতিরোধের জন্য গত- ০৮ সেপ্টেম্বর ২০২১ দিরাই উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদে সুষ্ঠ ও সুন্দরভাবে গণটিকার ২য় ডোজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। গণটিকা প্রদানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। কোভিড-১৯ এর ২য় ধাপের মধ্যেও তার দপ্তরের স্বাস্থ্য সেবা কার্যক্রম ২৪ ঘন্টাই চলমান রয়েছে। নির্ধারিত তারিখে টিকা কার্ড নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন তাদের ভ্যক্সিন দেওয়ার জন্য অনুরোধ জানান। কোভিড-১৯ পরিক্ষা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করা হচ্ছে। কারও যদি কোন প্রকার উপসর্গ দেখা দেয় তারা বিলম্ব না করে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে কোভিড পরিক্ষা করানোর জন্য সাধারণ জনগণকে উৎসাহ প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। বর্তমানে বাংলাদেশে কোভিড-১৯ পরিস্থিতি কিছুটা কমেছে। তিনি আরও জানান যারা ভ্যাক্সিন নিয়েছেন এবং যারা ভ্যাক্সিন নেননি তারা সকলেই বাধ্যতামূলক ভাবে মাস্ক পড়তে এবং স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান অত্র হাসপাতালে তিনি নতুন দুইটি কর্ণার স্থাপন করেছেন একটি হচ্ছে ফ্লো কর্ণার অন্যটি হচ্ছে এন.সি.ডি কর্ণার। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ কোভিড-১৯ সহ সকল রোগীদের স্বাস্থ্যসেবা সুষ্ঠভাবে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই</td></tr>
</table>

(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই সভায় দুঃখের সাথে জানান যে, উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের সেবা প্রদান সন্তোষ জনক নয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিরাই'কে বার বার বলার পরেও তিনি নিয়মিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকছেন। সেবা গ্রহীতাগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে কদাচিৎ সাক্ষাৎ লাভের সুযোগ পান। সদাসয় সরকারের এরূপ একটি গুরুত্বপূর্ণ অফিসের অফিস প্রধানের অননুমোদিত অনুপস্থিতি পীড়াদায়ক। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিরাই এঁর বিষয়ে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। এই বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিরাই এঁর বিষয়ে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(গ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন "বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দুর করি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিগত ২৮ আগস্ট ২০২১ হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানান। এছাড়াও উপজেলা মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই

(ঘ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাড়ল এফডাব্লিউসি'তে গত মাসে ০৬টি ডেলিভারি করানো হয়েছে মা এবং নবজাতক সুস্থ্য আছেন। তাড়ল এফডাব্লিউসি'তে একটি গভীর নলকূপ স্থাপনসহ পানির সুবিধা করে দেওয়ার জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানান। তিনি আরও জানান রফিনগর এফডাব্লিউসি'তে নতুন একজন এস.এ.সি.এম.ও এবং এক জন এফ.ডব্লিউ.ভি যোগদান করেছেন এবং ২৪/৭ ডেলিভারি সেবা দিচ্ছেন। কিন্তু দুঃখের বিষয় উক্ত এফডাব্লিউসি'তে বিদ্যমান ওয়াশ রুমটি ব্যবহার অনুপযোগি এবং কোন গভীর নলকূপ না থাকায় আগত সেবা গ্রহিতাগণ পানি এবং ওয়াশ রুমের জন্য কষ্ট করতে হচ্ছে। তাই উক্ত এফডাব্লিউসি'তে একটি গভীর নলকূপ স্থাপনসহ বিদ্যমান ওয়াশ রুমটি মেরামতক্রমে ব্যবহার উপযোগি করে দেওয়ার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তার বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষ্যে রফিনগর এফডাব্লিউসি'তে একটি গভীর নলকূপ স্থাপনসহ বিদ্যমান ওয়াশ রুমটি মেরামতক্রমে ব্যবহার উপযোগি করে দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই

(ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই এঁর প্রতিনিধি সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনবল সংকটে দাপ্তরিক কাজ-কর্মে কিছুটা ত্রুটি হচ্ছে। চলতি মৌসুমে অত্র উপজেলায় আমন ধান রোপন হয়েছে ২৭৯৫ হেক্টর জমি। এছাড়া উপজেলা কৃষি বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই

(ঙ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই সভায় তার বর্তমানে চলমান কর্মসূচির তথ্যাদি সভায় উপস্থাপন করেন।
খাদ্যবান্ধব কর্মসূচী :

| ক্রং নং | কর্মসূচির নাম | উপজেলায় পূর্বে বরাদ্দকৃত কার্ড সংখ্যা | নতুন বরাদ্দকৃত কার্ড সংখ্যা | এ পর্যন্ত নতুন বরাদ্দ প্রাপ্ত তালিকা দাখিলকৃত ইউনিয়নের নাম | এখনও তালিকা পাওয়া যায়নি ইউনিয়নের নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | খাদ্যবান্ধব কর্মসূচি | ৮২৭৬টি | ২৯৫টি | রফিনগর, রাজানগর, চরনারচর, করিমপুর, জগদল, দিরাই সরমঙ্গ এবং কুলঞ্জ | ভাটিপাড়া এবং তাড়ল |

তিনি আরও জানান বিশেষ ওএমএস দিরাই পৌরসভায় ০৩(তিন) জন ডিলারের মাধ্যমে দৈনিক ১.৫০০ মেঃটন চাল, প্রতি কেজি চালের মূল্য ৩০/- টাকা এবং দৈনিক ১.০০০ মেঃটন আটা প্রতি কেজি আটার মূল্য ১৮/- টাকা হিসেবে সপ্তাহে শুক্রবার ব্যতীত বিক্রি করা হচ্ছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ ভাটিপাড়া এবং তাড়ল ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচিতে তালিকা দ্রুত সময়ের মধ্যে প্রদানের জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং খাদ্যবান্ধব কর্মসূচিতে যেন প্রকৃত অসহায় দরিদ্র লোক নির্বাচন করা হয় সেই দিকে বিশেষ খেয়াল রাখার জন্য ইউ/পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই

| | |
|---|---|
| ২) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ কে অনুরোধ জানানো হয়। | |
| (চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন আগামী ১২/০৯/২০২১ তারিখ হতে বিদ্যালয় খোলার জন্য নির্দেশনা পাওয়া গেছে। নির্দেশনা মোতাবেক বিদ্যালয় খোলার জন্য প্রস্তুতি চলছে। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা সহ স্বাস্থ্য বিধি মেনে ১২/০৯/২০২১ তারিখ হতে বিদ্যালয় খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| (ছ) উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান তিনি যে ভবনে থাকেন উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচ তলা পূর্ব পার্শ্বের ফ্লেটে ০২(দুই)টি সিলিং ফ্যান ক্রয় করেছেন। ০২(দুই)টি সিলিং ফ্যান ক্রয় বাবদ- ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং রান্নঘর মেরামত বাবদ- ৬,০০০/- (ছয় হাজার) টাকা সহ সর্বমোট- ১২,০০০/- (বার হাজার) টাকা ব্যয় হয়েছে। তাই উক্ত বিলগুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচ তলা পূর্ব পার্শ্বের ফ্লেটে ০২টি সিলিং ফ্যানক্রয় এবং রান্নঘর মেরামত বাবদ ব্যয়িত সর্বমোট-১২,০০০/- (বার হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| (জ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচ তলা পশ্চিম পার্শ্বের ফ্লেটটিতে তিনি বসবাস করেন। তার ভবনে দুইটি বাথরুম রয়েছে তার মধ্যে একটি ব্যবহারের অনুপযোগি। কাজেই তার বাথরুমটি জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বাথরুমটি মেরামত করার জন্য স্থানীয় মিস্ত্রির সাথে আলাপ কালে জানা যায় উক্ত কাজে প্রায়- ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় হবে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত কাজ করার জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচ তলা পশ্চিম পার্শ্বের ফ্লেটের বাথরুম মেরামত বাবদ- ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (ঝ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান চরনারচর বাজার এবং তাড়ল বাজারের ফিস সেড নির্মাণের জন্য সভায় অনুরোধ জানান। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি প্রস্তাবটিতে একমত পোষণ করেন। তিনি আরও জানান হাট-বাজার ইজারা লব্দ আয় হতে সংশ্লিষ্ট ইউ/পি অংশের অর্থ ইউ/পি তহবিলে বিধি মোতাবেক স্থানান্তরের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট তহবিল হতে চরনারচর বাজার এবং তাড়ল বাজারের ফিস সেড নির্মাণের এবং হাট-বাজার ইজারা লব্দ আয় হতে সংশ্লিষ্ট ইউ/পি অংশের অর্থ ইউ/পি তহবিলে বিধি মোতাবেক স্থানান্তরের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (ছ) উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান শতভাগ ভাতা কার্যক্রম বয়স্ক ভাতা ও বিধবা স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অনলাইন আবেদনের সর্বশেষ সময় ১০/০/২০২১ তারিখ পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে সকলকে অনলাইন আবেদন করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান প্রতিবন্ধী মেয়েদের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিল হতে প্রশিক্ষন প্রদানের জন্য প্রস্তাব দেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ শতভাগ ভাতা কার্যক্রম বয়স্ক ভাতা ও বিধবা স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অনলাইন আবেদন যথা সময়ের মধ্যে শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সেই সাথে বিধবা স্বামী নিগৃহীতা মহিলাদের নির্বাচন সঠিক ভাবে করার স্বার্থে সংশ্লিষ্ট সকল ইউ/পি চেয়ারম্যান ও মেম্বারগণ যেন প্রত্যয়ন দেন সেই জন্য অনুরোধ জানানো হয়।<br><br>২) প্রতিবন্ধী মেয়েদের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিল হতে প্রশিক্ষন প্রদানের জন্য বরাদ্দ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য সকল বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই |

(ঞ) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন।

| ক্রং নং | কার্যক্রম | সর্বমোট লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | অর্জিত লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র, ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ১৩,৭৫৫ জন | কার্যক্রম চলমান |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |

অন্যান্য সেবা সমূহ :

| | |
|---|---|
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

<u>সিদ্ধান্ত</u> ঃ তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির লক্ষ্যমাত্রা পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার তথ্যকেন্দ্রের কাজের অগ্রগতি আরও বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই

(ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান যে, দিরাই উপজেলাধীন কুলঞ্জ ইউনিয়নস্থ "ঘোরামারা সাত পাকিয়া" প্রকাশিত জারলিয়া নদীর উভয় পাড়ে প্রতি বৎসর বোর ফসল রক্ষার্থে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বেরী বাঁধের মাটি কাটার জন্য প্রায় ০৫টি প্রকল্প দেয়া হয়। বর্ষা মৌসুমে বেরী বাঁধের মাটির একটা বড় অংশ জারলিয়া নদীতে পরে নদীর নাব্যতা হারাচ্ছে। এই ভাবে প্রতি বৎসর উক্ত নদীতে বেরী বাঁধের মাটি পরতে থাকলে নদী ভরাট হয়ে যাবে। ফলে অত্র এলাকার সবচেয়ে বড় জলাধারটি ভরাট হওয়ার কারনে কৃষি খাতে বিরূপ প্রভাব পরার সমূহ সম্ভাবনা বিদ্যমান। এতে সরকার প্রতি বৎসর "ঘোরামারা সাত পাকিয়া" প্রকাশিত জারলিয়া নদী জলমহাল হতে প্রায় ৩০/৩৫ লক্ষ টাকা বাৎসরিক খাজনা হতে বঞ্চিত হবে এবং ০৫টি প্রকল্পের ব্যয় বাবদ প্রায় ১.৫ কোটি টাকা সরকারের সাশ্রয় হবে। এই অবস্থা হতে উত্তোরনের লক্ষ্যে জারলিয়া গ্রামের পাশে নদী মুখে ০১টি বাঁধ দিলে যেমন সরকারের বেরী বাঁধ নির্মাণে ব্যয়িত প্রায় ১.৫ কোটি টাকা সাশ্রয় হবে। অন্যদিকে দিরাই উপজেলার সব চেয়ে বড় জলাধার রক্ষা পাবে, মৎস্য সম্পদ রক্ষা পাবে, জীব বৈচিত্র রক্ষা পাবে এবং দিরাই উপজেলার সাথে পার্শ্ববর্থি জগন্নাথপুর ও নবীগঞ্জ উপজেলার সাথে সড়ক যোগাযোগ স্থাপিত হবে। কাজেই দিরাই উপজেলাধীন কুলঞ্জ ইউনিয়নস্থ "ঘোরামারা সাত পাকিয়া" প্রকাশিত জারলিয়া নদী রক্ষার্থে ০৫টি বেরী বাঁধের পরিবর্তে জারলিয়া গ্রামের পাশে নদী মুখে ০১টি বাঁধ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য বিগত নভেম্বর, ২০২০ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.১০.০০১.১২-৬৩, তারিখ- ২৭/১২/২০২০ মূলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট বরাবরে পত্র দেওয়া হয়েছে। বিষয়টি সম্পর্কে পুন:বিবেচনা করার জন্য আবারও পত্র দেওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই এবং উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ দিরাই উপজেলাধীন কুলঞ্জ ইউনিয়নস্থ জারলিয়া গ্রামের পাশে নদী মুখে ০১টি বাঁধ নির্মাণ করার জন্য পুন:রায় পত্র দেওয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই এবং উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান যে, অনুন্নত উপজেলা পরিষদ হিসেবে উন্নয়নের দিক থেকে পিছিয়ে পড়া দিরাই উপজেলায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে নলকূপের বিশেষ বরাদ্দ প্রদান জন্য মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের তহবিল হতে অত্র দিরাই উপজেলায় ৫০০টি গভীর নলকূপ বিশেষ বরাদ্দ হিসেবে প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়। উল্লেখ্য যে উক্ত গভীর নলকূপ গুলো স্থাপনের ফলে দিরাই উপজেলা পরিষদের ০৯টি ইউনিয়নের বাসিন্ধাদের নিরাপদ পানির চাহিদা মিটিবে; এতে এলাকার সাধারণ জনগনের সুস্থ্য জীবন যাপনে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে সভাকে অবহিত করেন। এতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বর্ণিত অবস্তায় দিরাই উপজেলা একটি অনুন্নত ও অবহেলিত জনপদ বিধায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে নলকূপের বিশেষ বরাদ্দ প্রদান জন্য মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের তহবিল হতে অত্র দিরাই উপজেলায় ৫০০টি গভীর নলকূপ বিশেষ বরাদ্দ হিসেবে প্রদান করার জন্য পত্রযোগাযোগ করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাইকে সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(ড) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান হাজারীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমি আশে পাশের ব্যক্তিগণ কর্তৃক জোড়ামূলে দখলের অপচেষ্টা চলছে। সরকারি সম্পত্তি রক্ষার স্বার্থে সহকারী কমিশনার

উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

| | | |
|---|---|---|
| | (ভূমি), দিরাই এর সার্ভেয়ার দিয়ে বিদ্যালয়ের সিমানা চিহ্নিত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত ঃ হাজারীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমির সিমানা চিহ্নিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | |
| | (ঢ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন ডরমিটরী ভবনের নিচ তলায় একটি সিলিং ফ্যান বৈদ্যুতিক কারনে বিকল হয়ে যায়। ঐ রুমে থাকা কর্মচারিগণ কর্তৃক একটি নতুন সিলিং ফ্যানক্রয় করার জন্য আবেদন করেন। এই গরমে ফ্যান ছাড়া থাকা কষ্টকর বিধায় জরুরি ভিত্তিতে একটি নতুন সিলিং ফ্যানক্রয় করা হয়। একটি সিলিং ফ্যানক্রয় ও ফিটিং সহ সর্বমোট-৩,০০০/- (তিন হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন ডরমিটরী ভবনের নিচ তলায় একটি সিলিং ফ্যান ফ্যানক্রয় ও ফিটিং সহ ব্যয়িত সর্বমোট-৩,০০০/- (তিন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ণ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান তার বাস ভবনের জন্য ০২(দুই) টি সিলিং ফ্যান এবং উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০১(এক)টি সিলিং ফ্যান সহ সর্বমোট ০৩(তিন)টি সিলিং ফ্যানক্রয় করা হয়েছে। ০৩(তিন)টি সিলিং ফ্যানক্রয় বাবদ- ৯,০০০/- (নয় হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের জন্য ০২(দুই) টি সিলিং ফ্যান এবং উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০১(এক)টি সিলিং ফ্যান সহ সর্বমোট ০৩(তিন)টি সিলিং ফ্যানক্রয় বাবদ ব্যয়িত- ৯,০০০/- (নয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৯(৫০)

তারিখ ঃ ০৯/০৯/২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ---------------------------------------------------------------- অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান---------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

০৯.০৯.২১

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১১। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>১৫। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৫। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই<br>০৬। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |